কোস্ট ট্রাস্ট
৭৯ তম বোর্ড অব ট্রাস্টি সভার কার্যবিবরনী
তারিখঃ ১৫ ই জুন ২০১৩, সময়ঃ সকাল ১০:৩০
স্থানঃ প্রাধান কার্যালয়, কোস্ট ট্রাস্ট

গত ১৫ ই জুন ২০১৩ইং কোস্ট ট্রাস্ট-এর ৭৯ তম বোর্ড অব ট্রাস্টি সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম এবং আলোচ্যসূচী নিম্নে দেয়া হলো,

উপস্থিত সদস্যবৃন্দ:

১. জনাব বেগম শামসুন নাহার, সভাপতি
২. জনাব মাকসুদুর রহমান, সহঃ সভাপতি
৩. জনাব এম জহিরুল আলম, এফসিএ, কোষাধ্যক্ষ
৪. জনাব জনাব মিনার মনসুর, সদস্য
৫. জনাব আফরোজা খানম, সদস্য
৬. জনাব হাজেরা বেগম, সদস্য
৭. জনাব রেজাউল করিম চৌধুরী, সচিব

আলোচ্য সূচি:

১. গত সভার পর্যালোচনা
২. ২০১৩-১৪ বছরের পরিকল্পনা ও বাজেট
৩. সংস্থার প্রধান কার্যালযের কাঠামো এবং পদবী
৪. বোর্ড সদস্য কার্যক্রম ও উন্নয়ন
৫. মানব সম্পদ নীতিমালা সংস্করন
৬. ক্রয় নীতিমালা
৭. ক্ষুদ্র ঋন কার্যক্রম এর ডাটা বিশ্লেষন
৮. চলমান ডোনার প্রকল্প রিপোর্ট
৯. ২০১২-১৩ বছরের বহি: নিরীক্ষক টার্মস অব রেফারেন্স
১০. কমিউনিটি রেডিও ওপারেশন
১১. বিবিধ

সভায় সভাপতির দায়িত্ব পালন করেন বেগম শামসুন নাহার এবং উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। গুরুত্বপুর্ন সিদ্ধান্ত সমুহ নিম্নে আলেচনা করা হলো ঃ

১. গত সভার পর্যালোচনা ঃ

ক. সভায় এ মর্মে সিদ্ধান্ত হয় যে, কোস্ট ট্রাস্ট একশনএইড থেকে চরফ্যাশন অফিসের সম্পদ হস্তান্তর করারজন্য উদ্যোগ নেবে। এর জন্য সরকার নির্ধারতি ফি/খরচ কোস্ট বহন করবে।
খ. সচিব জানান যে, কোস্ট রামুর জমিতে বিল্ডিং করার জন্য দু'টি ডিজাইনিং ফার্মের সাথে আলোচনা শুরু করা হয়েছে। দক্ষতা ও মান যাচাই করে ফার্ম নির্বাচন করা হবে। তিনি আরোও জানান যে, এ বিল্ডিংটি ধাপে ধাপে নির্মান করা হবে এবং দাতা সংস্থা হিসেবে জাপান সরকারের সাথে যোগাযোগ শুরু করা হবে।
গ. এনজিও ব্যুরোর সার্টিফিকেট নবায়ন হওয়ার জন্য বোর্ড কোস্ট ব্যবস্থাপনাকে ধন্যবাদ জানান।
ঘ. নতুন সদস্য জনাব মিনার মনুসর সাহেবকে বোর্ড স্বাগত জানায় এবং তিনি সংস্থার ভবিষ্যত আরো ভাল করার জন্য তার গুরুত্বপূর্ণ সময় কোস্টকে দেবেন এ প্রত্যাশাও সভায় করা হয়।
ঙ. সিদ্ধান্ত হয় যে আগামী বোর্ড মিটিং ২১-সেপ্টেম্বর এবং ২১-ডিসেম্বর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত হবে।

২. ২০১৩-২০১৪ সালের পরিকল্পনা এবং বাজেট ঃ

পরিচালক ২০১৩- ২০১৪ অর্থ বছরের পরিকল্পনা ও বাজেট উপস্থাপন করেন এবং তা সভায় অনুমোদন দেয়া হয় । পরিকল্পনা বাজেটের গুরুত্বপুর্ন অংশগুলো হলো ঃ

- ২০১৩-২০১৪ অর্থ বছরের মোট বাজেট এর পরিমান টাকা ২৭৭.০৮ মিলিয়ন, যাহার উদ্বৃত টাকার পরিমান টাকা ১০.৮১ মিলিয়ন যাহা গত ২০১২-২০১৩ অর্থ বছরের থেকে ৩৭% বেশী।
- দাতা সংস্থা থেকে পাওয়া যাবে ৮৬.১২ মিলিয়ন, যাহা ২০১২-১৩ অর্থ বছরের তুলনায় ৮৫% বেশী এর কারণ হলো CLS প্রকল্প শুরু হওয়া এবং C4D প্রজেক্ট এর অনুদান বেড়ে যাওয়া।
- এই অর্থ বছরে ক্ষুদ্র ঋণ এবং সামাজিক ব্যবসার জন্য সাঃ চার্জ বাবদ ১৭৭.২৮ মিলিয়ন টাকা আয় হবে, যা গত বছরের (১৫১.৭৩ মিলিয়ন) তুলনায় ১৭% বেশী।
- ২০১৩-১৪ অর্থবছরের মোট বাজেটের (২৭৭.০৮ মিলিয়ন টাকা) এর ৮০% টাকা আসবে এমএফ সার্ভিসচার্জ হিসেবে।
- মোট বাজেট এর ১৫% প্রশাসনিক খরচ (টাকা ৪১.৫৬ মিলিয়ন) যেখানে কর্মসূচী বাস্তবায়ন বাবদ খরচ হবে ৮৫% (টাকা ২৫৩.৫২ মিলিয়ন)।
- ২০১৩-১৪ অর্থ বছরের RCF এর জন্য ২৮৫ মিলিয়ন টাকার প্রয়োজন হবে, যার ১১৫ মিলিয়ন পাওয়া যাবে PKSF থেকে, ৮০ মিলিয়ন পাওয়া যাবে ব্যাংক থেকে এবং ৯০ মিলিয়ন পাওয়া যাবে Stromme Foundation থেকে।

২০১৩-১৪ বছরের জন্য পরিকল্পনা ও বাজেট সাময়িকভাবে অনুমোদন দেওয়া হলো তবে সংস্থার নির্বাহী পরিচালক বাজেট ও ব্যবসা পরকল্পনা পুনঃরায় পরীক্ষা করে দেখবেন।

৩. **সংস্থার প্রধান কার্যালয়ের কাঠামো এবং পদবী ঃ**

সংস্থার পরিচালক সংস্থার প্রধান কার্যালযের কাঠামো এবং পদবী উপস্থাপন করেন এবং দুইজন সহঃপরিচালককে উপ পরিচালক হিসেবে পদন্নোতি দেয়ার সুপারিশ করেন। সুপারিশকৃত কর্মীগন হলেন সৈয়দ আমিনুল হক এবং মোঃ আহসনুিল করিম। প্রধান কার্যালয়ের কাঠামো অনুযায়ী ২০১৩-১৪ বছরে মোট কর্মীর সংখ্যা ২২জন। বোর্ড সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করে।

৪. **বোর্ড সদস্য কার্যক্রম ও উন্নয়ন ঃ**

বোর্ডের সচিব বোর্ডের সকল সদস্যদের টার্মস অব রেফারেন্স উপস্থাপন করেন এবং আশা করেন যে, সংস্থার উন্নয়নে বোর্ডের সকল সদস্যদের সক্রিয় ভুমিকা থাকবে। এ প্রসঙ্গে হ্যাপআই এর বোর্ডের ভূমিকা তুরে ধরেন। বোর্ড নীতিগতভাবে উক্ত টার্মস অব রেফারেন্স এর সাথে একমত হন এবং পরবর্তি পুর্নাঙ্গ সভায় পুনঃরায় উপস্থাপন করার জন্য সচিবকে অনুরোধ জানানো হয়। এখানে বোর্ড আরোও বলে যে, বোর্ডের দু-একটি সভা ঢাকার বাহিরে সংস্থার কর্ম এলাকায় হওয়া উচিত।

৫. **মানব সম্পদ নীতিমালা সংস্করন ঃ**

সভার সচিব সংস্থার মানব সম্পদ নীতিমালার নতুন সংস্করন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত নীতিমালার উপর বোর্ডের সদস্যগন তাৎক্ষনিক মন্তব্য দেন এবং এটি পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষন করে পরবর্তি সভায় উপস্থাপন করার জন্য জনাব মিনার মনসুর, সদস্য মহোদয়কে অনুরোধ করেন।

৬. **ক্রয় নীতিমালা ঃ**

সংস্থার বর্তমান ক্রয় নীতিমালাটি দাতা সংস্থার মতামতের ভিত্তিতে পুনঃসংস্করন করে সভা সচিব সভায় উপস্থাপন করেন এবং এটি সর্বসম্মতি ক্রমে সভায় অনুমোদিত হয়।

৭. **ক্ষুদ্র ঋন কার্যক্রম এর ডাটা বিশ্লেষন ঃ**

সহকারী পরিচালক-কোর প্রগ্রাম সভায় জুলাই'১২ হতে এপ্রিল'১৩ অর্থাৎ ১০ মাসের ক্ষুদ্র ঋন কার্যক্রমরে তথ্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে,

- এপ্রিল'১৩ শেষে সক্রিয় সদস্য সংখ্যা ৭৬৫৮ জন বৃদ্বি পায়, যা জুলাই/১২ অপেক্ষা ১০% বেশী এবং জুলাই ২০১২ শেষে সদস্যের বিপরীতে ঋণী সংখ্যার শতকরা হার হলো ৮১ % এবং ইহা এপ্রিল'১৩ শেষে কমে ৭৭% হয়।
- এপ্রিল'১৩ শেষে নীট সঞ্চয়ের পরিমান ৩.২২ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে যা জুলাই/১২ অপেক্ষা ১৭% বেশী। এপ্রিল'১৩ শেষে ঋনের স্থিতির বিপরীতে সঞ্চয় এর হার হলো ৩৩% যা জুলাই ২০১২ শেষে ৩১% । সঞ্চয় বাড়ানোর জন্য বোর্ড তাগিদ প্রদান করে।

- জুলাই ২০১২ অপেক্ষা ঋনের স্থিতি (আসল) ৬.৬৩ কোটি টাকা বৃদ্ধি পায় যা এপ্রিল'১৩ শেষে শতকরা হার ১১%। এডি-কোর প্রগ্রাম বলেন যে ঋনের স্থিতি আরও বৃদ্ধি পেত যদি সদস্যদের চাহিদার সময় ঋণ প্রদান করা যেত।
- এপ্রিল'১৩ শেষে প্রত্যেক ঋণ উন্নয়ন কর্মকর্তার বিপরীতে সক্রিয় সদস্য সংখ্যা ৩৪৮ জন, যা জুলাই ২০১২ তে ছিল ৩২৯ জন।
- এডি-কোর প্রগ্রাম বলেন যে, মোট তহবিল ঋনের ৮% কোস্ট এর নিজস্ব তহবিল, সদস্য সঞ্চয় থেকে ৩০%, PKSF থেকে ৪৬% এবং SF থেকে ১৬ %। বোর্ড, কোস্ট এর নিজস্ব তহবিল বাড়ানোর পাশাপাশি মেয়াদ উত্তির্ন ঋণ আদায়ের জন্য তাগাদা প্রদান করে।

৮. **চলমান ডোনার প্রকল্প রিপোর্ট** ঃ
সংস্থার পরিচালক চলমান ডোনার প্রকল্প সমুহের একটি মেট্রিক্স সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে তিনি উল্লেখ করেন যে, বর্তমানে দাতা সংস্থার ৭টি প্রকল্প চলমান আছে। প্রকল্পগুলো হলো, ক) এসএফপি, খ) এসএফ-শিক্ষা, গ) এলজিপি, ঘ) সিফরডি, ঙ) ইডাব্লিউজি, চ) সিএলএস এবং ছ) ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প। তিনি বলেন যে, বর্তমানে দাতা সংস্থার প্রকল্পসমুহের বাজেটের পরিমান ৯৮.২০ মিলিয়ন টাকা এবং সময়কাল অনুযায়ী প্রকল্প খরচের হার ৯০%। প্রকল্প অবহিতকরন সভায় স্থানীয় বোর্ড সদস্যদের উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে আমন্ত্রন জানানোর বিষয়ে সিদ্ধান্ত হয়।

৯. **২০১২-১৩ বছরের বহি: নিরীক্ষক টার্মস অব রেফারেন্স** ঃ
সংস্থার বোর্ড সভার পুর্বে সংস্থার অডিট সভাটি পরিচালনা করায় বোর্ড সদস্যবৃন্দ ট্রেজারার মহোদয়কে ধন্যবাদ প্রদান করেন। ট্রেজারার মহোদয়ের সুপারিশের ভিত্তিতে বোর্ড এসএফ আহমেদ এন্ড কোং কে ২০১২-২০১৩ অর্থ বছরের অডিট করার জন্য পুনরায় অনুমোদন প্রদান করে। বোর্ড আরো বলে যে, টার্মস অব রেফারেন্সে যেন এমআরএর কম্প্ল্যাইয়েন্সগুলো থাকে সে দিকে খেয়াল রাখতে হবে।

১০. **কমিউনিটি রেডিও ওপারেশন** ঃ
সভা সচিব সভায় উল্লেখ করেন যে, সংস্থা কমিউনিটি রেডিও স্থাপনের জন্য বাংলাদেশ সরকার থেকে প্রাথমিকভাবে অনুমোদন পায় এবং তিনি বলেন যে, এই কমিউনিটি রেডিও-টি সংস্থার চরফ্যাশন, ভোলা কার্যালয়ে আগামী ফেব্রুয়ারি'১৪ এর মধ্যে স্থাপন করতে না পারলে অনুমোদন বাতিল হয়ে যাবে। তিনি আরোও বলেন যে, কারিগরি দিক যাচাই বাচাই করার জন্য কম পক্ষে ৩টি রেডিও ইঞ্জিনিয়ারিং ফার্ম থেকে কোটেশন নিতে হবে। সম্পুর্ন প্রক্রিয়াটি একটি ক্রয় কমিটির মাধ্যমে সংস্থার ক্রয় নীতিমালা অনুযায়ী সম্পন্ন করা হবে। বোর্ড উক্ত প্রস্তাবনাটি প্রাথমিকভাবে অনুমোদন করে এবং যোগ্যতার ভিত্তিতে ভেন্ডর নির্বাচন করার পরামর্শ প্রদান করে।

১১. **বিবিধ** ঃ
সভা সচিব সভায় জানান যে "ক্রিসেল" নামক ক্রেডিট রেটিং ফার্ম দ্বারা সংস্থা ক্ষুদ্র ঋণের উপর গত নভেম্বর'১২ মাসে ক্রেডিট রেটিং করে এবং এর ফলে সংস্থা ক্রেডিট স্কোর পায় "BBB+", যা মানদন্ড এর ভিত্তিতে Moderate লেভেলে পড়ে। বোর্ড সদস্যবৃন্দ এ প্রক্রিয়াটিকে স্বাগত জানান এবং ভবিষ্যতে এ ধরনের ফার্ম নিয়োগ প্রদানের ক্ষেত্রে বোর্ডের পূর্ব অনুমোদন নেয়ার জন্য বলা হয়।

আর কোন বিষয় না থাকায় বোর্ডের সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার মুলতবি ঘোষনা করেন।

প্রস্তুতকারী	অনুমোদনকারী
রেজাউল করিম চৌধুরী বোর্ড সচিব কোস্ট ট্রাস্ট	বেগম শামসুন নাহার সভাপতি, বোর্ড অব ট্রাস্টি কোস্ট ট্রাস্ট

১৭ জুন, ২০১৩